

উপসংহার

ইবরাহীম (আঃ)-এর প্রায় দু'শো বছরের পুরা জীবনটাই ছিল পরীক্ষার জীবন। সুখে-দুখে, আনন্দে-বিষাদে সর্বাবস্থায় তিনি ছিলেন আল্লাহর উপরে একান্ত নির্ভরশীল। পরিবার, সমাজ ও রাষ্ট্রশক্তির বিরোধিতা তাঁকে তাঁর বিশ্বাস থেকে এক চুল টলাতে পারেনি। অবশেষে জন্মভূমি ত্যাগ করে হিজরত করে আসতেও তিনি পিছপা হননি। আল্লাহর সন্তুষ্টি কামনায় বৃদ্ধ বয়সের নয়নের মণি একমাত্র শিশু পুত্রকে তার মা সহ মক্কার বিজনভূমিতে নির্বাসনে দিয়ে আসতেও তাঁর হৃদয় টলেনি। অবশেষে ঐ সন্তানকে যবেহ করার মত কঠিনতম উদ্যোগ নিতেও তাঁর হাত কেঁপে ওঠেনি। এভাবে জীবনভর অগণিত পরীক্ষার চড়াই-উৎরাই পেরিয়ে পূর্ণ-পরিণত ইবরাহীম পেলেন 'বিশ্বনেতা'

হবার মত বিরল দুনিয়াবী পুরস্কারের মহান
এলাহী ঘোষণা। হ'লেন ভবিষ্যৎ নবীগণের
পিতা 'আবুল আশ্বিয়া' এবং মিল্লাতে
ইসলামিয়াহর নেতা হবার মত দুর্লভ সম্মান।
আজও যদি পৃথিবীর দিকে দিকে ইবরাহীমী
ঈমানের জ্যোতি বিকীরিত হয়, আবার
মুসলিম উম্মাহর মধ্যে সে ঈমান ফিরে
আসে, তবে বর্তমান অশান্ত পৃথিবীর নমরুদী
হুতাশন আবারও পুষ্পকাননে পরিণত হবে
ইনশাআল্লাহ। ইকবাল তাই গেয়েছেন,

اگر هو پھر ابراهيم کا ايماں پيدا

آگ کرسکتی ہے پھر انداز گلستان پيدا

'বিশ্বে যদি সৃষ্টি হয় ফের ইবরাহীমী ঈমান

হুতাশনে তবে সৃষ্টি হবে ফের পুষ্পের কানন